

**বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন-নভেম্বর ২০২৩**

১। **সর্বমোট অর্জন।** নভেম্বর ২০২৩ মাসে ৩,৩৮৪টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ২৮৮,৪৬,৯২,২৪০/০০ (টাকা দুইশত অষ্টাশি কোটি ছেচল্লিশ লক্ষ বিরানব্বই হাজার দুইশত চল্লিশ মাত্র) অর্থমূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** নভেম্বর ২০২৩ মাসে চোরাচালান অভিযানে মোট ১৩ কোট ২৯ লক্ষ ৫৬ হাজার ৬৩০ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত শাড়ি ও কসমেটিক



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত শাড়ি

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** নভেম্বর ২০২৩ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট টাকা ২৭৫,১৭,২০,৬১০/০০ (টাকা দুইশত পঁচাত্তর কোটি সতেরো লক্ষ বিশ হাজার ছয়শত দশ মাত্র) অর্থমূল্যের তন্মধ্যে ৪,৮১,৬৩,০০০ মিটার কারেন্ট জাল, ৪,২৮৪টি বেহন্দি/মশারি জাল, ৮৪,৩২,০০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ১,৯৮৫ পিস চিংড়ি/ফাইসা পোনা এবং ৩১,৮০০ কেজি জেলি পুশকৃত চিংড়ি আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জেলি পুশকৃত চিংড়ি



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জাটকা



দক্ষিণ জোন (স্টেশন রামগতি) কর্তৃক আটককৃত কারেন্ট জাল



দক্ষিণ জোন (স্টেশন রামগতি) কর্তৃক আটককৃত চরঘেরা

সীমিত

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান। নভেম্বর ২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ৩৯৩ পিস ইয়াবা, ১,৪৫৯ ক্যান/বোতল বিয়ার, ১৪০ ক্যান হইস্কি এবং ৬৭ কেজি ১০০ গ্রাম গাঁজা আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (স্টেশন শাহপুলী) কর্তৃক আটককৃত বিয়ার ও বামিড্র ক্রিম



পূর্ব জোন (স্টেশন সেন্টমার্টিন্স) কর্তৃক আটককৃত বিয়ার, হইস্কি

৫। বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান। নভেম্বর ২০২৩ মাসে বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে ৫০০ ঘনফুট গেওয়া কাঠ আটক করা হয় এবং আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (স্টেশন শীরসরাই) কর্তৃক আটককৃত গেওয়া কাঠ

৬। উদ্ধার অভিযান। নভেম্বর ২০২৩ মাসে উদ্ধার অভিযান পরিচালনা করে ৬৬ জন জীবিত জেলে, ৪০ জন জীবিত যাত্রী/ক্লু, ০৩ জন মৃতদেহ এবং ০৭টি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ব্যক্তিদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজিএস স্বাধীন বাংলা) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ



বিসিজিএস মনসুর আলী কর্তৃক উদ্ধারকৃত জেলে পূর্বে জোনে হস্তান্তর

৭। ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা এবং বাংলা দা উদ্ধার।

নভেম্বর ২০২৩ মাসে সুন্দরবনসহ

উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা ০২ জন ডাকাত/বনদস্যু/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়। আটককৃত ব্যক্তিদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজিএস অপূর্ব বাংলা) কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ